



প্রিয় সুধী,

১০ ফেব্রুয়ারি ২০২৪

আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে আমাদের গৌরবোজ্জ্বল “শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” পালিত হবে। জাতীয় ও আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ এই মহান দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং-এর উদ্যোগে ও বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব হংকং-এর সহযোগে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ (বুধবার) সকাল ০৯:৪৫ ঘটিকায় Theatre Hall, Sheung Wan Civic Centre, 5/F, Cheung Wan Municipal Services Building, 345 Queen's Road, Central, Hong Kong-এ আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানসূচি নিম্নরূপঃ

- কোরআন তেলাওয়াত ও গীতা পাঠ
- প্রভাত ফেরি ও শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পণ
- মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রদত্ত বানী পাঠ
- প্রামাণ্যচিত্র প্রদর্শন
- স্বাগত বক্তব্য
- বিভিন্ন দেশের অংশগ্রহনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

উক্ত দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে হংকং এবং ম্যাকাও-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহনের জন্য সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে।

অনুষ্ঠানে অংশগ্রহনে আগ্রহীদেরকে সংযুক্ত রিপ্লাই স্লিপ আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, Sheung Wan Civic Centre এর নিয়ম অনুযায়ী, ছয় বছরের নিম্নের কোন ছেলেমেয়েকে ভেন্যুতে প্রবেশে নিরুৎসাহিত করা হয়েছে।



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
হংকং

